# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-02-2025** **Time: 7-35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ–

১) অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট চার লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নিউটাউনে গতকাল সমাপ্তি ভাষণে তিনি এই সম্মেলনকে দারুণ সফল বলে উল্লেখ করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী বাণিজ্য সম্মেলনের মর্যাদা নষ্ট করে তাকে সার্কাসে পরিণত করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে।

২) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের আগে আজ এক সর্বদলীয় বৈঠক ডাকা হয়েছে।

৩) আর জি করে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ এবং খুনে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের সর্বোচ্চ সাজা চেয়ে রাজ্যের আবেদনের গ্রহণযোগ্যতা রয়েছে কি না, তা নিয়ে আজ, কলকাতা হাইকোর্টে শুনানি।

৪) যে সমস্ত মাধ্যমিক পরীক্ষার্থী এখন অ্যাডমিট কার্ড পায়নি, তাদের অবিলম্বে কার্ড দেওয়ার বন্দোবস্ত করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট এদিকে আদালতের নির্দেশ মেনে মাধ্যমিক শিক্ষা পর্ষদ আজ দুপুর দু-টো পর্যন্ত বিশেষ পোর্টাল খুলেছে।

৫) উত্তরাখণ্ডের দেরাদুনে ৩৮ তম জাতীয় গেমসে বাংলা আরও একটি সোনা ও একটি ব্রোঞ্জ পেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট চার লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছে। দ্বিতীয় ও শেষ দিনে গতকাল নিউটাউনের বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে সমাপ্তি ভাষণে তিনি এই সম্মেলনকে দারুন সফল বলে উল্লেখ করেন।

মুখ্যমন্ত্রী আরও জানান, উত্তর ২৪ পরগনার অশোকনগরে তেল ও গ্যাস উত্তোলনের জন্য ভারতের খনিজ তেল এবং প্রাকৃতিক গ্যাস নিগম - ওএনজিসিকে এক টাকার বিনিময়ে ৫০ একর জমি দেওয়া হচ্ছে।

সরকার এবং বিভিন্ন সংস্থার মধ্যে সম্মেলনে ১ হাজার ২০০-র বেশি মউ এবং লেটার অফ ইনটেন্ট স্বাক্ষরিত হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য, কুড়িটি দেশ থেকে পাঁচ হাজারের বেশি প্রতিনিধি দু-দিনের সম্মেলনে অংশ নেন।

বাণিজ্য সম্মেলনের দ্বিতীয় দিনে গতকাল মূলত ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে বিনিয়োগ প্রসঙ্গে একাধিক বৈঠকে দীর্ঘ আলোচনা চলে।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী বাণিজ্য সম্মেলনের মর্যাদা নষ্ট করে তাকে সার্কাসে পরিণত করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, এই সম্মেলনে আমন্ত্রিতরা শুধুমাত্র বিনোদনের জন্য আসেন।

দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় গতকাল সাংবাদিক বৈঠকে জানিয়েছেন,মুখ্যমন্ত্রী যে বিনিয়োগ প্রস্তাবের দাবি করেছেন,কারা সেই বিনিয়োগের

চুক্তি স্বাক্ষর করেছে,কোথায়, কোন জমিতে এবং কিভাবে বিনিয়োগ হবে সেবিষয়ে কোনো স্বচ্ছতা নেই।

(বাইট – জগন্নাথ চট্টোপাধ্যায়)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও আজ পর্যন্ত রাজ্যের কোথায় কোথায় কি বিনিয়োগ হয়েছে, সে ব্যাপারে সুনির্দিষ্ট তালিকা পেশ করার দাবি জানিয়েছেন, মুখ্যমন্ত্রীর কাছে।

oooooooooooooooooooo

রাজ্য বিধান সভার বাজেট অধিবেশন শুরুর আগে আজ এক সর্বদলীয় বৈঠক ডাকা হয়েছে। একই সঙ্গে কার্য্য উপদেষ্টা কমিটির বৈঠক ও হওয়ার কথা । সেখানে আসন্ন অধিবেশনে সভার কার্যসূচি চূড়ান্ত করা হবে।

উল্লেখ্য, আগামী সোমবার ১০ই ফেব্রুয়ারি রাজ্যপাল সিভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধান সভার বাজেট অধিবেশন শুরু হতে চলেছে।

oooooooooooooooooooo

আর জি করে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ এবং খুনে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের সর্বোচ্চ সাজা চেয়ে রাজ্যের আবেদনের গ্রহণযোগ্যতা রয়েছে কি না, তা নিয়ে আজ, কলকাতা হাইকোর্টে শুনানি। নিম্ন আদালতে আমৃত্যু কারাবাসের রায়কে চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারস্থ হয় রাজ্য। তাদের আবেদন ছিল, সঞ্জয়কে সর্বোচ্চ শাস্তি দেওয়া হোক।

সে ব্যাপারে আজ হাইকোর্ট তাদের মতামত জানাতে পারে।

এদিকে আর জি কর দুর্নীতি মামলার বিচার প্রক্রিয়া বিলম্বিত করার আর্জি নিয়ে গতকাল কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছেন ওই মেডিক্যাল

কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও অন্য দুই অভিযুক্ত সুমন হাজরা এবং আশিস পাণ্ডে। বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি শুভেন্দু সামন্তের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন আজ, এ ব্যাপারে শুনানি হবে।

বিচারপতি বাগচি জানিয়েছেন, আইন অনুযায়ী চার্জ গঠনের আগে সর্বোচ্চ ৬০ দিন পাওয়ার কথা। কিন্তু এক্ষেত্রে তা হয়নি। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ দ্রুত চার্জ গঠন করে বিচার শুরুর নির্দেশ দিয়েছিলেন। তিনদিনের মধ্যে চার্জ গঠন করতে চাওয়া হলো কেন ডিভিশন বেঞ্চ সেব্যাপারে প্রশ্ন তুলেছে। অভিযুক্তরা সেই নির্দেশ সংশোধনের আর্জি জানালে বুধবার তা খারিজ হয়ে যায়।

ooooooooooooooooooo

যে সমস্ত মাধ্যমিক পরীক্ষার্থী এখন অ্যাডমিট কার্ড পায়নি, তাদের অবিলম্বে কার্ড দেওয়ার বন্দোবস্ত করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট । বিচারপতি বিশ্বজিৎ বসু, মধ্যশিক্ষা পর্ষদকে এজন্য পোর্টাল খুলতে বলেছে, যেখানে স্কুল আবেদন জানাতে পারবে। তারপর রবিবারের মধ্যে অ্যাডমিট কার্ড বাড়িতে পৌঁছে দিতে হবে।

oooooooooooooooooo

এদিকে, আদালতের নির্দেশ মেনে মাধ্যমিক শিক্ষা পর্ষদ , এখনো পর্যন্ত মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড না পাওয়া ছাত্র-ছাত্রীদের জন্য আপৎকালীন ভিত্তিতে পোর্টাল খুলেছে। এই সংক্রান্ত পর্ষদের অফিশিয়াল পোর্টাল www.wbbsedata.com গতকাল সন্ধ্যে ছটা থেকে চালু হয়েছে, খোলা থাকবে আজ দুপুর দুটো পর্যন্ত।

পর্ষদের তরফে সব বিদ্যালয় এর প্রধান শিক্ষকদের এ কথা জানানো হয়েছে। এই কারণে পর্ষদের অফিস আজ খোলা থাকবে। বিদ্যালয়গুলি আজ ও আগামীকাল ছাত্র-ছাত্রীদের এডমিট কার্ড পর্ষদের অফিস থেকে সংগ্রহ করতে পারবেন।

উল্লেখ্য, আগামী সোমবার ১০ ই ফেব্রুয়ারি শুরু হচ্ছে মাধ্যমিক পরীক্ষা।

oooooooooooooooooooo

আসন্ন মাধ্যমিক পরীক্ষা উপলক্ষ্যে পরিবহন দপ্তর বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পশ্চিমবঙ্গ পরিবহন নিগম WBTC পরীক্ষার দিন গুলিতে দুটো শিফটে বেশি পরিমাণ বাস পরিষেবা দেওয়ার জন্য সমস্ত ডিপো ম্যানেজারকে নির্দেশ দিয়েছে। সকাল সাড়ে ৬ টা থেকে ১০ টা এবং দুপুর দুটো থেকে বিকেল ৫ টা পর্যন্ত এই বিশেষ বাস পরিষেবা দিতে বলা হয়েছে নির্দেশিকায়। বাসের সামনে " EXAMINATION SPECIAL" লেখা বোর্ড লাগানো এবং নর্মাল Fare Table অনুসারে ভাড়া নেওয়া হবে বলে ওই নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে।

এদিকে, পরীক্ষার দিন গুলিতে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাও অতিরিক্ত বাস চালাবে। এর পাশাপাশি বাসের Frequency বাড়ানো হবে।

পরীক্ষার্থী দের যাতায়াতের সুবিধার্থে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা NBSTC ও পরীক্ষার দিন গুলিতে অতিরিক্ত বাস পরিষেবা দেবে।

ooooooooooooooooooo

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ একাদশ দিন।

শিশু দিবস, চির তরুণ দিবসের পর গতকাল থেকে শুরু হয়েছে একাদশ তম লিটারারি ফেস্টিভ্যাল। এর উদ্বোধন করেন সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়। এ ছাড়াও "সীমান্তবিহীন সাহিত্য"শীর্ষক এক আলোচনায় অংশ নেন সে দেশের সর্বোচ্চ সম্মানে ভূষিত মার্কিন কবি নাথালি হ্যান্ডল। একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট – অভিজিৎ)

ooooooooooooooooooo

মাঘ মাস শেষ হতে এখনও বেশকিছুদিন বাকি থাকলেও শীত প্রায় বিদায় নিয়েছে বললেই চলে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলা আজ সকালের দিকে  ছিল ঘন কুয়াশায় ঢাকা। তবে, সর্বনিম্ন তাপমাত্রা আজ কিছুটা কমেছে। আগামী এক সপ্তাহ তাপমাত্রার ওঠানামা অব্যাহত থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে।

এই সময় রাজ্যে বৃষ্টির কোন সম্ভাবনা নেই। আবহাওয়া প্রধানত শুষ্কই থাকবে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় শূন্য দশমিক চার ডিগ্রী বেশি। গতকাল সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩০ দশমিক ২ ডিগ্রী, যা স্বাভাবিকের প্রায় ২ ডিগ্রী ওপরে।

oooooooooooooooooo

উত্তরাখণ্ডের দেরাদুনে ৩৮ তম জাতীয় গেমসে বাংলা গতকাল একটি সোনা ও একটি ব্রোঞ্জ পেয়েছে।

তীরন্দাজে পুরুষদের ব্যক্তিগত রিকার্ভ ইভেন্টে জুয়েল সরকার স্বর্ণ পদক জয় করেছেন।

মহিলাদের ফুটবলে বাংলা টাইব্রেকারে ৫-৩ গোলে দিল্লিকে হারিয়ে ব্রোঞ্জ পেয়েছে।

মহিলাদের হকিতে গতকাল বাংলা গ্রুপ লীগের ম্যাচে গতবারের বিজয়ী হরিয়ানাকে ২-০ গোলে হারিয়ে দেয়। আগামীকাল তারা পরবর্তী ম্যাচে মধ্যপ্রদেশের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooo